# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 08 April, 2025

ফিলিস্তিনিদের উপর ইসরাইলের গণহত্যার প্রতিবাদে এবং ফিলিস্তিনি জনগণের প্রতি সংহতি জানিয়ে পাবনায় বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে জেলা ছাত্রদল ও তার অঙ্গ সহযোগী সংগঠন।

মঙ্গলবার (০৮ এপ্রিল) দুপুরে জেলা ছাত্রদল ও তার অঙ্গ সহযোগী সংগঠনের আয়োজনে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মিছিলটি সরকারি এডওয়ার্ড কলেজ ক্যাম্পাস থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পদক্ষেপ করে শহীদ চত্বরে এসে শেষ হয়।সেখানে অনুষ্ঠিত হয় প্রতিবাদ সমাবেশ।

সমাবেশে বক্তারা বলেন, ফিলিস্তিনে ইসরাইলের বর্বর গণহত্যা নিশ্চুপ সারা বিশ্ব।সাধারণ ফিলিস্তিনিদের উপর এই অমানবিক নির্যাতন মেনে নেবে না মুসলিম বিশ্ব।ইসরাইলের সব ধরণের পন্য বর্জনের ডাক দেওয়া হয় এবং আন্তর্জাতিক আদালতে ইজরাইলের গণহত্যার বিচার দাবি করেন বক্তারা।

এ সময় বক্তব্য দেন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মুসাব্বির হোসেন সঞ্জু, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক কামরুজ্জামান প্রিন্স, সিনিয়র যুগ্ম সম্পাদক মাহমুদুল হাসান, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেনসহ বিএনপি ও তার অঙ্গ সহযোগী সাংগঠনের নেতৃবৃন্দ।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:01

URL: https://timestodaybd.com/rajshahi/984867516